নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০
ই-মেইল: ffwcbwdb@gmail.com ; exen.ffwc@gmail.com
ওয়েবসাইট: www.ffwc.gov.bd

Office of The Executive Engineer
Flood Forecasting and Warning Centre
Bangladesh Water Development Board
Pani Bhaban (Level: 2, Block: G), 72 Green Road, Dhaka 1205
Phone: 88-02-2222-30070
E-mail: ffwcbwdb@gmail.com ; exen.ffwc@gmail.com
Website: www.ffwc.gov.bd


# প্রবল ঘূর্ণিঝড় “দানা” সম্পর্কিত বিশেষ বার্তা

## (২৪ অক্টোবর, ২০২৪ খ্রি., সকাল ১০.০০ টা)


বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং ভারত আবহাওয়া অধিদপ্তরসমূহের তথ্যের প্রেক্ষিতে পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য এলাকায় অবস্থানরত **ঘূর্ণিঝড়** (Cyclonic Storm) **“দানা”** আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে আজ ভোরে **“প্রবল ঘূর্ণিঝড়** (Severe Cyclonic Storm)**”** এ পরিণত হয়েছে। ঘূর্ণিঝড়টি বর্তমানে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করছে। ঘূর্ণিঝড়টি আজ (২৪-১০-২০২৪ খ্রি.) সকাল ০৬ টায় চট্টগ্রাম, কক্সবাজার, মংলা এবং পায়রা সমুদ্রবন্দর হতে যথাক্রমে ৫৯৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, ৫৫৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, ৪৮৫ কি.মি. দক্ষিণে এবং ৪৭৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল।

**প্রবল ঘূর্ণিঝড় “দানা” আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ ২৪ অক্টোবর মধ্যরাত (১২.০০ টা) হতে ২৫ অক্টোবর, ২০২৪ খ্রি. সকালের (০৬.০০ টা) মধ্যে ভারতের দক্ষিণ ওড়িষা-পশ্চিমবঙ্গের উপকূলীয় পুরী ও সাগর দ্বীপ সংলগ্ন স্থান দিয়ে ভারতীয় ভূভাগে প্রবেশ করতে পারে। প্রবল ঘূর্ণিঝড়টির ভূখন্ডে প্রবেশকালীন সময়ে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১০০-১২০ কি.মি. পরিলক্ষিত হতে পারে।**

**ঘূর্ণিঝড়কালীন সময়ে বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক অপেক্ষা প্রায় ০.৫ মিটার অধিক উচ্চতার জোয়ার পরিলক্ষিত হতে পারে। ঘূর্ণিঝড়টির প্রভাবে ২৪-২৬ অক্টোবর, ২০২৪ খ্রি. মেয়াদে খুলনা বিভাগের কোথাও কোথাও অতিভারী বর্ষণ (>৮৮ মি.মি./ ২৪ ঘন্টা) এবং বরিশাল ও রাজশাহী বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণ (৪৪-৮৮ মি.মি./ ২৪ ঘন্টা) পরিলক্ষিত হতে পারে।**




চিত্র-১: ঘূর্ণিঝড়ের সম্ভাব্য গতিপথ (লাল বৃত্ত) এবং পূর্ব অবস্থান (কালো বৃত্ত)




চিত্র-২: স্যাটেলাইট চিত্রে ঘূর্ণিঝড়টির অবস্থান (২৪-১০-২০২৪ খ্রি. সকাল ০৮.১৫ টা)

বন্যা সম্পর্কিত তথ্যের জন্য নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল:

*০১৫৫২-৩৫৩৪৩৩, ০১৫৫৯-৭২৮১৫৮, ০১৭৬৫-৪০৫৫৭৬, ০১৬৭৪-৩৫৬২০৮*

(সরদার উদয় রায়হান)
নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা

---------------------------------------------------------------------

- বন্যা পূর্বাভাস সংক্রান্ত সর্বশেষ তথ্য পেতে ওয়েবসাইট (www.ffwc.gov.bd), IVR (১০৯০-৫) এবং এন্ড্রয়েড ভিত্তিক BWDB Flood Apps এ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।
- বন্যা পূর্বাভাস সংক্রান্ত তথ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য পোর্টালে (BAMIS) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।
- বন্যা পূর্বাভাস এখন Google Search ও Google Map এ Flood Alert হিসেবে পাওয়া যাচ্ছে এবং যে কোন অ্যান্ড্রয়েড ভিত্তিক স্মার্টফোনে Push Notification হিসেবে এই সেবা পাওয়া যাবে।
- চলমান বন্যার সকল ফ্লাড এলার্ট দেখার জন্য g.co/floodalerts এবং স্থানীয় তথ্যের জন্য g.co/floodhub এ ভিজিট করুন।